# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

## বাপবিবো নির্দেশিকা ৫০০-১৫

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর বিভিন্ন এলাকায় পূর্ত নির্মান এবং তদারকী কাজের নীতিমালা

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

বাপবিবো নির্দেশিকা ৫০০-১৫

অনুমোদনের তারিখঃ ২৫/০৯/১৯৮৪ খ্রিঃ
সংশোধনের তারিখঃ ১৯/০২/২০২০ খ্রিঃ

বিষয়ঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর বিভিন্ন এলাকায় পূর্ত নির্মান এবং তদারকী কাজের নীতিমালা

১॥ উদ্দেশ্যঃ

পূর্ত নির্মান কাজের তদারকীর দায়িত্ব ও তৎসহ নিয়মাবলী সুনির্দিষ্টকরণ ।

২। দায়িত্ব ও নিয়মাবলীঃ

(১) পূর্ত নির্মান কাজ বিস্তারিতভাবে পরিদর্শন করার দায়িত্ব সংশ্লিষ্ট উপদেষ্টাদের উপর এককভাবে ন্যস্ত থাকবে;

(২) উপদেষ্টা প্রতিষ্ঠান কর্তৃক প্রণয়নকৃত বিস্তারিত কাজের নকসা (Detail Working Drawing) সংশ্লিষ্ট জোনাল তত্ত্বাবধায়ক প্রকৌশলী কর্তৃক আনুষ্ঠানিক ছাড়পত্র প্রদান করার পর তা এবং সিডিউল এ বর্ণিত স্পেসিফিকেশন ও অন্যান্য শর্তাদি যাতে পূংখানুপূংখরূপে কার্যকরী হয় তার জন্য পূর্ত উপদেষ্টাগণ এককভাবে লক্ষ্য রাখবেন;

(৩) নির্মান ঠিকাদারের বিলসমূহ পরিমাপ বহি (Measurement Book) তে অন্তর্ভূক্ত করত পরিশোধের নিমিত্ত পূর্ত উপদেষ্টা সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর মাধ্যমে ক্রয়কারী সত্ত্বা (Procuring Entity) এর নিকট প্রেরণ করবেন।

(৪) কাজ চলাকালীন সিডিউল বহির্ভূত কোন কাজ বা কাজসমূহ সম্পাদন করা আবশ্যক হলে, গণখাতে ক্রয় নীতিমালা (Public Procurement Regulation) এর আলোকে ঐ কাজের দরের ভিত্তি উল্লেখ পূর্বক



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakraborty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB

পূর্ত উপদেষ্টা কর্তৃক এধরণের অতিরিক্ত কাজের পরিমান নির্ণয় এবং প্রাক্কলিত দর সুপারিশ করত কাজ শুরুর পূর্বে বাপবিবোর্ডের যথাযথ কর্তপক্ষের নিকট হতে ভেরিয়েশন অনুমোদন গ্রহণ করতে হবে।

(৫) নির্মান কাজের অগ্রগতি সম্পর্কে পাক্ষিক রিপোর্ট উপদেষ্টা প্রতিষ্ঠান সরাসরি সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীকে প্রদান করত তার অনুলিপি তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে প্রদান করবে। উপদেষ্টা প্রতিষ্ঠান কর্তৃক বাপবিবোর্ড ও সমিতি বোর্ডের নিকট নির্মান কাজের অগ্রগতি এবং তার সন্তোষজনক ব্যাখ্যা প্রদান করতে হবে।

(৬) ঠিকাদার এর কাজের অগ্রগতি, সময়ের সাথে সামঞ্জস্যপূর্ণ কি-না তা প্রত্যক্ষ করা এবং সময়মত কাজটি সম্পন্ন করার ব্যাপারে ঠিকাদারকে নোটিশ, যাবতীয় চিঠিপত্র প্রদানের দায়িত্ব উপদেষ্টা প্রতিষ্ঠানের উপর বর্তাবে। ঠিকাদার কর্তৃক তার নির্মান কাজের সময় বৃদ্ধির আবেদন (যদি প্রয়োজন হয়) পূর্ত উপদেষ্টার সুপারিশ এর ভিত্তিতে বাপবিবোর্ড অনুমোদন করতে পারে।

(৭) পূর্ত নির্মান কাজের ঠিকাদারের দাবীকৃত বিলের পরিমান চুক্তি মূল্যের প্রতি ২৫% অতিক্রান্ত হবার পর অথবা নির্মান কাজের (ক) ভিত্তি, (খ) ইটের গাথুনী (ছাদ পর্যন্ত), (গ) ছাদ ঢালাই অথবা ছাদ নির্মান এবং (ঘ) ফিনিসিং ও ফিটিং ফিক্সিং এর প্রতি ধাপের সমাপনান্তে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী দরপত্রের সিডিউল অনুসারে কাজের গুণগত মান সন্তোষজনক আছে কি-না সেই বিষয়সহ বিশদ প্রতিবেদন (Detail Report) তৈরী করবেন এবং তার কপি সদস্য (বিতরণ ও পরিচালন), প্রধান প্রকৌশলী (প্রকল্প), এবং সংশ্লিষ্ট জোনাল তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নিকট প্রেরণ করবেন। নির্বাহী প্রকৌশলীর প্রতিবেদনে উপদেষ্টা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশকৃত ঠিকাদারের বিলের অগ্রগতি অথবা গুণগত মান বিবেচনায় এ বিল পরিশোধ করা হবে কি-না সে বিষয়ে সুস্পষ্ট ইংগিত থাকতে হবে। নির্বাহী প্রকৌশলীর প্রতিবেদন অনুসারে বিল পরিশোধ স্থগিত রাখার প্রয়োজন হলে সংশ্লিষ্ট জোনাল তত্ত্বাবধায়ক প্রকৌশলীর মতামত সংগ্রহ করবেন এবং বিল পরিশোধের ব্যাপারে জোনাল তত্ত্বাবধায়ক প্রকৌশলীর মতামতকে বিবেচনা করা হবে।



(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakraborty)
PD, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Kamrul Ahsan Mollik)
Asst. Se... (Board), BREB

(৮) নির্মান কাজসমূহ সমিতির নিকট হস্তান্তরের পর উপদেষ্টা প্রতিষ্ঠান কর্তৃক সমাপনী প্রতিবেদন দলিল (Close Out Document) প্রস্তুত করা হবে। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী উক্ত সমাপনী প্রতিবেদন দলিল (Close Out Document) যাচাই পূর্বক অনুমোদনের জন্য সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নিকট জন্য প্রেরণ করবেন। সমাপনী প্রতিবেদন দলিলের ভিত্তিতে ঠিকাদারের চূড়ান্ত বিল উপদেষ্টা প্রতিষ্ঠান প্রস্তুত করবেন এবং চুক্তির আলোকে উক্ত বিল ও জামানতের অর্থ পরিশোধ করা হবে;

(৯) পূর্ত উপদেষ্টা মাসে সর্বোচ্চ একাট বিল দাবী করতে পারবেন। পূর্ত উপদেষ্টার সকল বিল সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী প্রক্রিয়াকরণ (Process) করবেন। উপদেষ্টা প্রকৌশলীর শ্রম-মাস (Man-Month) এবং তত্ত্বাবধানের (Supervision) বিল পরিশোধ এর ক্ষেত্রে সংশ্লিষ্ট উপদেষ্টা প্রকৌশলীর উপস্থিতির বিষয়টি প্রত্যয়ন করার দায়িত্ব সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর উপর ন্যস্থ । এজন্য প্রতিটি নির্মান সাইটে একটি করে সাইট বই কাম উপস্থিতি রেজিষ্টার সংরক্ষণ করা হবে। উক্ত রেজিষ্টারে উপদেষ্টা প্রকৌশলী প্রতিটি পরিদর্শনের পর মতামত/ পরামর্শ/ মন্তব্য লিপিবদ্ধ করবেন এবং তারিখ ও নামসহ স্বাক্ষর প্রদান করবেন। সাইট বই কাম উপস্থিতি রেজিষ্টার এর ভিত্তিতে নির্বাহী প্রকৌশলী সংশ্লিষ্ট উপদেষ্টা প্রকৌশলীর উপস্থিতির বিষয়টি প্রত্যয়ন করবেন। এ মর্মে প্রত্যয়নসহ পূর্ত উপদেষ্টার দাবীকৃত বিল পরিশেধের জন্য সংশ্লিষ্ট দপ্তর/ পরিদপ্তরে প্রেরণ করবেন।



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakraborty)
PD, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Kamrul Ahsan Mollik)